

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর
পানি সম্পদ মন্ত্রণালয়
৭২ গ্রীন রোড, ঢাকা-১২১৫
ফ্যাক্স: ০২৪৪৮১৯০৭৩, ওয়েব : www.dbhwd.gov.bd

বিষয় : বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়নের লক্ষ্যে বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তরের এপিএ কমিটির মাসিক (জানুয়ারী/২০২০) সভার কার্যবিবরণী।

০৬ ফেব্রুয়ারী, ২০২০ সকাল ১০.০০ ঘটিকায় বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তরের (বাহাজউঅ) এপিএ ব্যবস্থাপনা পদ্ধতি কমিটির এক সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তরের মহাপরিচালক জনাব মোঃ মজিবুর রহমান। উক্ত সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা পরিশিষ্ট 'ক'-তে দেখানো হলো।

সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানান এবং অধিদপ্তরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির বাস্তবায়নের অগ্রগতি সম্পর্কে এ অধিদপ্তরের ফোকাল পয়েন্ট কর্মকর্তা, পরিচালক (কৃষি, পানি ও পরিবেশ) কে আহবান জানান। তিনি জানান যে, এ অধিদপ্তরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির কৌশলগত এবং আবশ্যিক বিষয়গুলো সময়মত বাস্তবায়িত হচ্ছে। তবে সেবা সহজিকরণ বিষয়ে কোন অগ্রগতি নেই। এ বিষয়ে পরিচালক (প্রশাসন ও অর্থ) জানান যে, এ অধিদপ্তরের মাধ্যমে আপাতত জনগণকে তেমন কোন সেবা প্রদান করা হচ্ছে না। তাছাড়া স্থায়ী জনবল না থাকায় দাপ্তরিক অনেক সেবা কার্যক্রম এ দপ্তরে প্রয়োজন হয় না (যখন বিভিন্ন রকম ছুটি, শ্রান্তি বিনোদন ভাতা ও ছুটি, পি আর এল, পেনশন)। এমতাবস্থায়, এ দপ্তরে সেবা সহজিকরণ প্রসেস ম্যাপসহ সরকারী আদেশ জারি করা সম্ভব হচ্ছে না তাছাড়া বিভিন্ন রকম প্রশিক্ষণ শুরু করা হয়েছে এবং আরও প্রশিক্ষণ করা হবে।

বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ


- ১। এপিএ এর আবশ্যিক কার্যক্রম গুলো যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে।
- ২। কর্মচারীদের প্রশিক্ষণ কার্যক্রম বাস্তবায়ন জোরদার করতে হবে।

স্বাক্ষরিত
০৬/০২/২০২০
(মোঃ মজিবুর রহমান)
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
ফোনঃ ০২-৪৪৮১৯০৭৪
তারিখ : ০৬-০২-২০২০ খ্রিঃ

স্মারক নং: ৪২.০৪.০০০০.০০১.১৬.৩৩১.১৬-৬৮

অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :-

- ১। পরিচালক (সকল), বাংলাদেশ হাওর জলাভূমি উন্নয়ন অধিদপ্তর, ৭২ গ্রীন রোড, ঢাকা।
- ২। উপ-পরিচালক (সকল), বাংলাদেশ হাওর জলাভূমি উন্নয়ন অধিদপ্তর, ৭২ গ্রীন রোড, ঢাকা।
- ৩। সিনিয়র সহকারী সচিব (প্রশাসন-২) শাখা, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। সহকারী পরিচালক (পরিকল্পনা ও আইসিটি), বাংলাদেশ হাওর জলাভূমি উন্নয়ন অধিদপ্তর, ৭২ গ্রীন রোড, ঢাকা।
- ৫। জনাব মোহাঃ ইউসুফ হাবুন খান, প্রোগ্রামার, আইসিটি শাখা, পানি সম্পদ মন্ত্রণালয়, ঢাকা।
- ৬। সচিব মহোদয়ের একান্ত সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। সচিব মহোদয়ের সদয় জ্ঞাতার্থে।
- ৭। অফিস কপি


(ড. মোঃ রুহুল আমিন)
পরিচালক (কৃষি, পানি ও পরিবেশ) ও অতিরিক্ত সচিব
ফোনঃ ০২-৪৪৮১৯০৭৭